দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ৪

45

বেসরকারী প্রাথমিক শিক্ষক

# অনুদানের হার বৃদ্ধির বিষয় সরকার চিন্তা করিতেছেন

সরকারী অনুদান বৃদ্ধিসহ অন্যান্য দাবী-দাওয়া পূরণের ব্যাপারে বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের কিছুসংখ্যক শিক্ষকের ঢাকায় অবস্থান ধর্মঘট ও অনশন কর্মসূচীর প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। এক্ষেত্রে সরকারের গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য উপস্থাপন (১১শ পৃঃদ্রঃ)

## বেসরকারী প্রাথমিক শিক্ষক

(প্রথম পৃঃ পর)

করা হইল : বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের আর্থিক অসুবিধার কথা চিন্তা করিয়াই বর্তমান সরকার ১৯৯১ সাল হইতে রেজিষ্টার্ড বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকগণকে মাসিক ৫০০/- টাকা হারে অনুদান প্রদান শুরু করে। এই প্রথা শুরু করার পর হঠাৎ করিয়া বেসরকারী বিদ্যালয়ের সংখ্যা বিপুলভাবে বৃদ্ধি পাওয়ায় নূতন বিদ্যালয়ের রেজিষ্ট্রেশন প্রদান বন্ধ রাখা হয়। সম্প্রতিকালে সারাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের প্রেক্ষিতে নূতন বেসরকারী বিদ্যালয়সমূহকে রেজিষ্ট্রেশন প্রদান পুনরায় শুরু করা হয়। এ সমস্ত নূতন রেজিষ্ট্রিকৃত বিদ্যালয়ের শিক্ষকগণকেও যথারীতি ৫০০/- টাকা হারে অনুদান প্রদান করা হইতেছে। নূতন রেজিষ্ট্রিকৃত বিদ্যালয়ের শিক্ষকগণের অনুদান প্রদান নিশ্চিত করার লক্ষ্যে বাজেটে অতিরিক্ত অর্থ বরাদ্দের ব্যবস্থা করা হইয়াছে। বেসরকারী শিক্ষকবৃন্দের নিজ বিদ্যালয় হইতে অন্যত্র বদলীর কোন সম্ভাবনা না থাকায় তাহারা নিজ বাড়ীতে অবস্থান করিয়া বিদ্যালয়ে শিক্ষকতা করিয়া থাকেন এবং তাহাদের স্ব স্ব বিদ্যালয় কর্তৃপক্ষ বিদ্যালয়সমূহ পরিচালনা করাসহ শিক্ষকদের বেতনের ব্যবস্থা করিয়া থাকেন। স্থানীয় জনগণের আর্থিক অসচ্ছলতার কথা বিবেচনা করিয়া সরকার ৫০০/- টাকা হারে শিক্ষকদের অনুদান প্রদান করার প্রথা চালু করে। রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহের সকল শিক্ষকগণকে মাসিক ৫০০/- টাকা হারে অনুদান প্রদান ছাড়াও তাহাদের শিক্ষকতার গুণগত মান উন্নয়নের উদ্দেশ্যে পর্যায়ক্রমে সরকারী প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনষ্টিটিউটে এক বৎসর মেয়াদী সি-ইন-এড প্রশিক্ষণ প্রদান করা হইতেছে। গত বৎসর ৫২৭ জন মহিলা শিক্ষিকাসহ ২২৯২ জন বেসরকারী বিদ্যালয়ের শিক্ষককে এ প্রশিক্ষণ প্রদান করা হইয়াছে। এই কর্মসূচীর আওতায় পর্যায়ক্রমে রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষককেই প্রশিক্ষণ প্রদান করা হইবে। এ ছাড়াও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের অনুরূপ অন্যান্য কর্মকালীন প্রশিক্ষণও বেসরকারী শিক্ষকদের প্রদান করা হইতেছে। উল্লেখ্য যে, বেসরকারী শিক্ষক প্রতিনিধিবৃন্দ কিছুদিন পূর্বে প্রধানমন্ত্রীর দপ্তরে তাহাদের দাবী-দাওয়া পেশ করিলে উক্ত দপ্তর হইতে তাহাদের ন্যায্য দাবীসমূহ সহানুভূতির সহিত দেখা হইবে বলিয়া জানান হয়। নূতনভাবে রেজিষ্ট্রিকৃত সকল বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে অনুদানের আওতায় আনার কারণে এ পর্যন্ত শিক্ষকগণের অনুদান ৫০০/- টাকা হইতে বৃদ্ধি করা সম্ভব হয় নাই। সরকার সব সময়ই বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ন্যায় দাবী-দাওয়ার প্রতি সহানুভূতিশীল। এ লক্ষ্যে সরকার শিক্ষকদের আর্থিক অবস্থার উন্নতিকল্পে অনুদান বৃদ্ধির বিষয়ে চিন্তা-ভাবনা করিতেছে। বর্তমানে বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনাধীন এবং শীঘ্রই এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা যাইবে বলিয়া আশা করা যাইতেছে। এই পরিস্থিতিতে সরকার আশা করে যে, বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ তাহাদের বর্তমান কর্মসূচী প্রত্যাহার করিয়া নিজ বিদ্যালয়ে কাজে যোগদান করিবেন। -তথ্য বিবরণী